



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/নেত্র/২০১৯/১৬০৭

তারিখ : ০১/০৯/২০১৯ ইং

বিষয় : ম্যানেজিং কমিটির সভাপতির পদ বাতিল এবং নতুন সভাপতি মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র : (i) মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ৭৩৬/২০১৯ এর আদেশ।

(ii) অত্র বোর্ডের স্মারক নং- মশিবো/বিদ্যা/ নেত্র/২০১৯/১৩৪৯ তারিখ : ১৫/০৭/২০১৯ খ্রিঃ পত্র।

(iii) প্রধান শিক্ষকের ১৭/০২/২০১৯ খ্রিঃ তারিখের আবেদন।

(iv) ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্যের ১৩/০৫/২০১৯ খ্রিঃ তারিখের অভিযোগ পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও নং-৯৯-আইন/২০০৯ এর ধারা ৭(২) অনুসারে “কোন শিক্ষক কিংবা শিক্ষক শ্রেণীর সদস্য ম্যানেজিং কমিটির সভাপতি পদে নির্বাচিত হইবেন না”। বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোহাম্মদ মিজানুর রহমান খোকন ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলাধীন “শহীদ স্মৃতি ডিগ্রী কলেজ” এর প্রভাষক(গণিত) হওয়ায় তাঁর এ পদে থাকার সুযোগ নেই। এমতাবস্থায়, এস.আর.ও নং-৯৯-আইন/২০০৯ এর ধারা ৩৮ অনুযায়ী তাঁর সভাপতির পদ বাতিল করা হ’ল এবং একইসাথে বিধি অনুযায়ী নতুন সভাপতি নির্বাচন করে পত্র প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিলের নির্দেশ দেয়া হ’ল।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

(ড. মোঃ দিদারুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

প্রাপক :

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

বেখেরহাটা এন. কে. উচ্চ বিদ্যালয়

(EIIN-113029)


উপজেলা : কেন্দুয়া, জেলাঃ নেত্রকোণা।

মেমো নং- ১৬০৭(৫)

তারিখ : ০১/০৯/২০১৯ ইং

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

- ১। উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া, নেত্রকোণা।
- ২। জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেন্দুয়া, নেত্রকোণা।
- ৪। সভাপতি, প্রাক্তন ম্যানেজিং কমিটি, বেখেরহাটা এন. কে. উচ্চ বিদ্যালয়,
কেন্দুয়া, নেত্রকোণা।
- ৫। অফিস কপি।



০১.০৭.১৭

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

